

দেশে প্রথমবারের মতো ভর্তীচ্ছু শিক্ষার্থীরা মাদকাসক্ত কি না তা যাচাই করে ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম সেমিস্টারের ভর্তি কার্যক্রম চালু করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ভর্তির প্রথম দিন সকালে ডোপ টেস্টের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

বর্তমানে মাদক শুধু শহরে বা বিশ্ববিদ্যালয়ের মধ্যে সীমাবদ্ধ নয়, এটি এখন গ্রামাঞ্চলেও ছড়িয়ে গেছে। ডোপ টেস্টের মাধ্যমে নবাগত শিক্ষার্থীদের মধ্যে কেউ মাদকাসক্ত কি না তা জানতে এই পদক্ষেপ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে পরীক্ষায় কেউ মাদকাসক্ত ধরা পড়লে তাকে ভর্তি করানো হবে; কিন্তু তার পরিবারকে বিষয়টি সম্পর্কে জানানো হবে। এ ছাড়া সুস্থ ও সুন্দর জীবনযাপনে ফিরিয়ে আনতে তাকে চিকিৎসার পাশাপাশি কাউন্সেলিং করানো হবে। এদিকে শুধু নবীন শিক্ষার্থীদের নয়, বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী ও শিক্ষকদেরও ডোপ টেস্ট করানো হবে বিভিন্ন সময়, জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, বছরব্যাপী ডোপ টেস্টের কার্যক্রম চলতে থাকবে। সব বিভাগ ও হলে অভিযান চালিয়ে যেসব ছেলে-মেয়ের সন্দেহ হবে তাদের ডোপ টেস্ট করানো হবে। এ ছাড়া কোনো শিক্ষককেও মাদকাসক্ত সন্দেহ হলে তাঁকেও ডোপ টেস্ট করানো হবে। পরীক্ষায় কেউ ধরা পড়লে তাঁকে বিশ্ববিদ্যালয়ের খরচে পুনর্বাসনের আওতায় আনা হবে।

গত মঙ্গলবার থেকে বিজ্ঞান অনুষদ অধিভুক্ত 'বি-১' ইউনিটের ভর্তির মাধ্যমে এবারের ভর্তি কার্যক্রম শুরুর পাশাপাশি ডোপ টেস্ট শুরু হয়। আজ রবিবার পর্যন্ত ভর্তির পাশাপাশি ডোপ টেস্ট চলবে বলে জানা গেছে।